

পরমাণু শক্তি কেন্দ্র, চট্টগ্রাম

সেবাসমূহ :

- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা অনুসারে আমদানীকৃত খাদ্যসামগ্রীর তেজস্ক্রিয়তা পরীক্ষা।
- রপ্তানীযোগ্য খাদ্য ও অন্যান্য সামগ্রীর তেজস্ক্রিয়তা মাত্রা নির্ণয়।
- রপ্তানীযোগ্য আয়রণ ক্ল্যাপসামগ্রীর বিকিরণ মাত্রা নির্ণয়।
- শিল্প কারখানা ও অন্যান্য বিকিরণ সোর্স ব্যবহারকারী প্রতিষ্ঠানে বিকিরণ নিয়ন্ত্রণ সেবা।
- তেজস্ক্রিয় পদার্থ পরিবহনে বিকিরণ নিয়ন্ত্রণ সেবা।

সনদ প্রদানের সময় :

- নমুনা প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে (কার্যদিবসে) তেজস্ক্রিয়তা পরীক্ষণ সনদ প্রদান করা হয়।

পরীক্ষণ ফি :

- আমদানীকৃত খাদ্যসামগ্রীর তেজস্ক্রিয়তা পরীক্ষণ ফি বাংলাদেশ সরকারের গেজেট বিজ্ঞপ্তি অনুসারে নেয়া হয়।

বাংলাদেশ গেজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, প্রজ্ঞাপন, তারিখ-৭ই জ্যৈষ্ঠ ১৪০৫/২১শে মে ১৯৯৮ এস, আর, ও নং ৮৫-আইন/৯৮-পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন ১৯৯৩ (১৯৯৩ সনের ২১ নং আইন)-এর ধারা ১৬-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৭-এর নিম্নরূপ সংশোধন করিল যথা :- উপরি-উক্ত বিধিমালার তফসিল ৮-এর ক্রমিক নং-৮.১-এর দফা (ক) ও (খ)-এর পরিবর্তে নিম্নরূপ দফা সমূহ প্রতিস্থাপিত হইবে। যথা :-

(ক) আমদানীকৃত দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্যের নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য নিম্নবর্ণিতরূপে সি এন্ড এফ মূল্যভিত্তিক ফি প্রদেয় হইবে যথা :

ক্রঃ নং	সেবার নাম	সেবার মূল্য (টাকা)
০১.	১০,০০,০০০/- পর্যন্ত	সি এন্ড এফ মূল্যের ০.৫% হারে তবে ৫০০ টাকার কম হইবে না।
০২.	১০,০০,০০১/- হইতে ১,০০,০০,০০০/- পর্যন্ত	৫,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকার উর্ধ্বের সি এন্ড এফ মূল্যের উপর ০.২৫% হারে।
০৩.	১,০০,০০,০০১/- হইতে ২,৫০,০০,০০০/- পর্যন্ত	২৭,৫০০ টাকা এবং ১,০০,০০,০০০ টাকার উর্ধ্বের সি এন্ড এফ মূল্যের উপর ০.১৫% হারে।
০৪.	২,৫০,০০,০০১/- হইতে ৫,০০,০০,০০০/- পর্যন্ত	৫০,০০০ টাকা এবং ২,৫০,০০,০০০ টাকার উর্ধ্বের সি এন্ড এফ মূল্যের উপর ০.১% হারে।
০৫.	৫,০০,০০,০০১/- হইতে ১০,০০,০০,০০০/- পর্যন্ত	৭৫,০০০ টাকা এবং ৫,০০,০০,০০০ টাকার উর্ধ্বের সি এন্ড এফ মূল্যের উপর ০.০৫% হারে।
০৬.	১০,০০,০০,০০০/- এর উর্ধ্ব	১,০০,০০০ টাকা এবং ১০,০০,০০,০০০ উর্ধ্বের সি এন্ড এফ মূল্যের উপর ০.০১% হারে।

(কক) দফা (ক) এ বর্ণিত খাদ্যদ্রব্য ব্যতীত অন্যান্য খাদ্যদ্রব্যের নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য উক্ত দফায় উল্লিখিত ফি এর শতকরা পঞ্চাশ ভাগ ফি প্রদেয় হইবে :-

তবে শর্ত থাকে যে, এইরূপ ফি এর পরিমাণ কোনক্রমেই ৫০০/- টাকার কম হইবে না।

(খ) আমদানীকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা পরীক্ষার জন্য নিম্নবর্ণিত পদ্ধতিতে খাদ্যদ্রব্যের নমুনা সংগ্রহ করিতে হইবে, যথা:- ১) দফা (ক) এ উল্লিখিত খাদ্যদ্রব্য আধার (Container) এ আমদানী করা হইলে প্রতিটি আধার হইতে অন্যান্য একটি এবং জাহাজের খোল বা ফোকরে বস্তাবন্দী আকারে আমদানী করা হইলে প্রতি একশত বস্তার মধ্য হইতে একটি করিয়া নমুনা সংগ্রহ করিতে হইবে এবং (২) দফা (কক) তে উল্লিখিত খাদ্যদ্রব্যের ক্ষেত্রে-

(অ) আধার (Container) এ আমদানী করা হইলে, প্রতি পাঁচটি আধার বা উহার অংশ বিশেষের জন্য অন্যান্য একটি,

(আ) বস্তাবন্দী আকারে আমদানী করা হইলে প্রতি দশ হাজার বস্তা বা উহার অংশ বিশেষের জন্য অন্যান্য একটি এবং

(ই) জাহাজের খোল বা ফোকরে খোলা অবস্থায় আমদানী করা হইলে প্রতিটি খোল বা ফোকর হইতে অন্যান্য একটি নমুনা সংগ্রহ করিতে হইবে।